

PROJECT HARMONY

সম্পর্কে কিছু কথা



Project Harmony

Project Harmony হল এনএসডব্লিউ সরকার এবং ওয়েস্টার্ন এবং সাউথ ওয়েস্টার্ন সিডনি জুড়ে বিভিন্ন স্থানীয় সরকারের সহায়তায় পরিচালিত রয়্যাল লাইফ সেভিং এর নেতৃত্বে একটি সহযোগিতামূলক উদ্যোগ। এর উদ্দেশ্য হল ওয়েস্টার্ন সিডনির সুবিধাবঞ্চিত প্রিন্স্কুল শিশুদের জন্য ১০টি বিনামূল্যের সাঁতার সেশন প্রদান করা যারা আগে এই ধরনের প্রোগ্রামগুলিতে অংশ নিতে পারতো না।

এর সাথে কারা যুক্ত?

ওয়েস্টার্ন এবং সাউথ ওয়েস্টার্ন সিডনি জুড়ে নিম্নলিখিত কাউন্সিল এলাকাগুলি Project Harmony প্রোগ্রামগুলি পরিচালনা করছে। আরও তথ্যের জন্য www.drowningprevention.org.au/harmony দেখুন

- Blacktown
- Liverpool
- Cumberland
- Parramatta
- Georges River
- Camden
- The Hills Shire

আমার সন্তান কি হারমনি লেসনের জন্য যোগ্য?

আপনার সন্তান হারমনি লেসনের জন্য যোগ্য হবে যদি;

- তাদের বয়স ৩-৬ বছরের মধ্যে হয়
- প্রাইমারি স্কুলে না পড়ে
- আগে সাঁতার শেখার কার্যক্রমে অংশ নেয়নি
- তাদের ৫০ ডলারের First Lap ভাউচার ব্যবহার করেনি কিংবা লেসনের জন্য ৫০ ডলার ব্যয় করতে ইচ্ছুক হয়

দাম কত?

- আপনি যদি আপনার ৫০ ডলারের সার্ভিস নিউ সাউথ ওয়েলস First Lap ভাউচার উপস্থাপন করতে পারেন তবে ১০ টি লেসনের প্রোগ্রামটি বিনামূল্যে পাবেন
- আপনি যদি আপনার ভাউচার অ্যাক্সেস করতে না পারেন তবে আপনাকে ৫০ ডলার গ্যাপ দিতে হবে যা প্রতি লেসনের জন্য ৫ ডলারের সমান



আরো তথ্যের জন্য অনুগ্রহ করে দেখুন:

drowningprevention.org.au/harmony



ROYAL LIFE SAVING
NEW SOUTH WALES



NSW
GOVERNMENT

আপনার সন্তানকে কিভাবে ভর্তি করাবেন

আপনার সন্তানের সাঁতার এবং জল নিরাপত্তার কার্যক্রম শুরু করতে এই সহজ পদক্ষেপগুলি অনুসরণ করুন!



1 আপনার সন্তান ভর্তি হওয়ার যোগ্য কিনা তা পরীক্ষা করুন

- আপনার সন্তানের বয়স ৩-৬ বছরের মধ্যে হতে হবে এবং তারা প্রাথমিক বিদ্যালয়ে যাচ্ছে না
- আপনার সন্তানকে অবশ্যই ওয়েস্টার্ন কিংবা সাউথ ওয়েস্টার্ন সিডনির সার্বাঙ্গুলোতে বসবাস করতে হবে
- আপনার সন্তানের নিউ সাউথ ওয়েলস First Lap ভাউচার থাকতে হবে অথবা ভর্তির জন্য ৫০ ডলার প্রদানে সক্ষম হতে হবে

আপনার সন্তান একটি নিউ সাউথ ওয়েলস First Lap ভাউচারের জন্য যোগ্য কিনা তা পরীক্ষা করতে ফাস্ট ল্যাপ তথ্য পত্রটি দেখুন

2 আপনার স্থানীয় অংশগ্রহণকারী পুল খুঁজুন

ওয়েস্টার্ন এবং সাউথ ওয়েস্টার্ন সিডনি জুড়ে সমস্ত অংশগ্রহণকারী পুল দেখতে www.drowningprevention.org.au/harmony ওয়েবসাইটটি দেখুন কিংবা QR কোড স্ক্যান করুন।



3 নথিভুক্ত করার জন্য আপনার পছন্দের পুলের সাথে যোগাযোগ করুন

- Project Harmony লেসন সম্পর্কে রিসেপশন কর্মীদের সাথে কথা বলতে কল করুন বা সরাসরি পুলে চলে আসুন
- যদি জায়গা পাওয়া যায়, কর্মীরা আপনার সন্তানকে একটি ক্লাশে ভর্তি করবে। আপনার পছন্দ মাসিক দিন এবং সময় নির্ধারণের জন্য সকল চেষ্টাই করা হবে তবে তা নিশ্চিত করা যাবে না
- অনুগ্রহ করে মনে রাখবেন ভর্তি করানোর জন্য আপনাকে আপনার সন্তানের নিউ সাউথ ওয়েলস First Lap ভাউচার প্রদান করতে হবে অথবা ৫০ ডলার প্রদান করতে হবে।



আরো তথ্যের জন্য অনুগ্রহ করে দেখুন:

drowningprevention.org.au/harmony



ROYAL LIFE SAVING
NEW SOUTH WALES

